

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.২৪.৩২

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০

০৯ এপ্রিল ২০২৪

বিষয়: ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫’
প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের জন্য ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫’ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চূড়ান্ত করা হয়েছে (নির্দেশিকা সংযুক্ত)। নির্দেশিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের এপিএ সেবাবক্সে আপলোড করা হয়েছে;

২। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ নির্দেশিকার কিছু গুরুত্বপূর্ণ ফিচার নিম্নরূপ:

(ক) সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ বাস্তবায়ন এপিএ প্রস্তুতির মূল ভিত্তি হবে;

(খ) এপিএ’র প্রতিটি কার্যক্রম ও লক্ষ্যমাত্রা কোনো না কোনো পরিকল্পনা দলিল বা প্রশাসনিক সিদ্ধান্তের ভিত্তিতে গ্রহণ করতে হবে;

(গ) যে সকল মন্ত্রণালয়/বিভাগে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে কমিটি রয়েছে, সে সকল কমিটির সভা আয়োজন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এপিএ তে অন্তর্ভুক্ত করতে হবে;

(ঘ) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এপিএতে থাকতে হবে;

(ঙ) এপিএ’তে চ্যালেঞ্জিং কাজ/লক্ষ্যমাত্রা গ্রহণ করা হলে বোনাস নম্বর প্রদানের বিধান চালু করা হয়েছে; চ্যালেঞ্জিং কাজসমূহ সমাপ্ত করতে না পারলেও প্রয়োজ্য ক্ষেত্রে আংশিক নম্বর প্রদান করা হবে; নম্বর প্রদানের বিস্তারিত নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগ পরবর্তীতে প্রকাশ করবে;

(চ) বিভিন্ন সূচকে নম্বর/ভর আরোপের ক্ষেত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে;

(ছ) ২০২৩-২৪ অর্থবছরের মতো ২০২৪-২৫ অর্থবছরেও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে গুণগত মান বিবেচনা করে মূল্যায়ন করা হবে;

(জ) নতুন নির্দেশনাসমূহ মন্ত্রণালয়/বিভাগের এপিএ প্রণয়নে প্রয়োজ্য হবে; দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ প্রণয়নের নির্দেশনা পূর্বের বছরের মতোই বহাল থাকবে; তবে কোনো মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন মনে করলে নিজ নিজ দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ প্রস্তুতিতে নতুন নির্দেশনাসমূহ প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োগ করতে পারবে।

৩। বর্ণিতবস্থায়, প্রকাশিত এপিএ নির্দেশিকা অনুযায়ী তাঁর মন্ত্রণালয়/বিভাগের খসড়া এপিএ প্রস্তুত করে আগামী ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের সকল অফিসে নির্দেশিকায় নির্ধারিত সময়সীমার মধ্যে এপিএ প্রস্তুতির নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫



৯-৪-২০২৪

মোঃ শামীমুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১১

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pmpc_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

দৃষ্টি আকর্ষণঃ এপিএ টিম লিডার, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.২৪.৩২/১(৩)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০

০৯ এপ্রিল ২০২৪

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



৯-৪-২০২৪

মোঃ শামীমুর রহমান

সিনিয়র সহকারী সচিব